বাদরবরখন, নীরদগরজন,     বিজুলী চমকন ঘোর,
উপেখই কৈছে আও তু কুঞ্জে    নিতিনিতি, মাধব মোর ।
ঘন ঘন চপলা চমকয় যব পহু,    বজরপাত যব হোয়,
তুঁহুক বাত তব সমরয়ি প্রিয়তম,    ডর অতি লাগত মোয় ।
অঙ্গবসন তব ভীঁখত মাধব,   ঘন ঘন বরখত মেহ,
ক্ষুদ্র বালি হম, হমকো লাগয়    কাহ উপেখবি দেহ ॥
বইস বইস, পহু, কুসুমশয়ন-'পর    পদযুগ দেহ পসারি ।
সিক্ত চরণ তব মোছব যতনে    কুন্তলভার উঘারি ।
শ্রান্ত অঙ্গ তব হে ব্রজসুন্দর,    রাখ বক্ষ-'পর মোর ।
তনু তব ঘেরব পুলকিত পরশে    বাহুমৃণালক ডোর।
ভানু কহে, বৃকভানুনন্দিনী,    প্রেমসিন্ধু মম কালা
তোঁহার লাগয়, প্রেমক লাগয়    সব কছু সহবে জ্বালা ॥

---

Parjaay: Bhanu Singher Padabali, Raag: Malhar
Visit www.geetabitan.com for notation and other detail